

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের অগ্রগতি পরিদর্শনে আইএমইডি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের চলমান বাস্তবায়ন অগ্রগতি এবং আরবি ভাষা ইনস্টিটিউট স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১৪ জুন ২০২৬) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খানের সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-এর প্রতিনিধিদের সঙ্গে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণকাজের অগ্রগতি, আরবি ভাষা ইনস্টিটিউটের জন্য অতিরিক্ত ভূমি অধিগ্রহণ, প্রকল্পের ব্যয় বৃদ্ধি ছাড়াই মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা, প্রশাসনিক ভবন, ভিসি বাংলো, প্রো-ভিসি, ট্রেজারার ও রেজিস্ট্রারের আবাসন, স্টাফ কোয়ার্টার এবং মসজিদ নির্মাণসহ বিভিন্ন অবকাঠামোগত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম, ট্রেজারার শাহীনুল ইসলাম, আইএমইডির পরিচালক নিশাত জাহান, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর মো. নওশের আলী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ফাহাদ আহমদ মোমতাজী, পরিকল্পনা মন্ত্রণালয়ের উপসচিব ও আইডি ঢাকার নির্বাহী প্রকৌশলী মো. গোলাম মোস্তাকিন এবং উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মো. জিয়াউর রহমানসহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সভা শেষে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান আইএমইডির পরিচালক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (আইডি) ঢাকার নির্বাহী প্রকৌশলী এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস এলাকায় চলমান নির্মাণকাজ সরেজমিনে পরিদর্শন করেন।



অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

(স্বাক্ষর)
১৪.০৬.২০২৬

(আবু মালেক মুহাম্মাদ মুসা)
সহকারী পরিচালক

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়